দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ২৮৫টি কলেজ সরকারিকরণে আর্থিক সম্মতি মিলেছে

## সংসদে শিক্ষামন্ত্রী

■ **ইত্তেফাক রিপোর্ট**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংসদকে জানিয়েছেন, দেশের যেসব উপজেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ নেই, সেসব উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও একটি করে কলেজ সরকারিকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের কার্যক্রম চলছে। ইতোমধ্যে ২৮৫টি বেসরকারি কলেজ সরকারিকরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় আর্থিক সম্মতি পাওয়া গেছে। সেই আলোকে শিগগিরই পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। গতকাল সোমবার সংসদের টেবিলে উপস্থাপিত প্রশ্নোত্তরে খুলনার এমপি এস এম মোস্তফা রশিদীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা জানান।

ফেনীর স্বতন্ত্র সদস্য রহিম উল্লাহর প্রশ্নের জবাবে নুরুল ইসলাম নাহিদ সংসদকে জানান, দেশের প্রতিটি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ স্থাপনের লক্ষ্যে প্রথম পর্যায়ে ১০০টি উপজেলার মধ্যে ৪২টির নির্মাণ কাজ শুরু করার জন্য দরপত্র আহ্বান করা হয়েছে এবং চারটির কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ৩৮৯টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ স্থাপনের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে।